ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

<u>স-২৪৫৪</u>

বিলোনীয়া,২৫ আগস্ট,২০২৬

## বিভিন্ন প্রকল্পের বরাদ্দকৃত অর্থ যাতে সঠিকভাবে ব্যবহৃত হয় তা সুনিশ্চিত করতে হবে: মৎস্যমন্ত্রী

মৎস্য, প্রাণীসম্পদ বিকাশ ও তপশিলি জাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী সুধাংশু দাস আজ বিলোনীয়া সার্কিট হাউসের কনফারেন্স হলে এই তিন দপ্তরের জেলাভিত্তিক পর্যালোচনা বৈঠক করেন। বৈঠকে গত অর্থবছরে এই জেলায় এই তিনটি দপ্তরের কাজের বিভিন্ন পর্যালোচনা করা হয়। পাশাপাশি চলতি অর্থবছরে এখন পর্যন্ত বিভিন্ন কাজের অগ্রগতির পর্যালোচনা করা হয়। সভায় মৎস্যমন্ত্রী বলেন, রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্পে যে অর্থ বরাদ্দ রয়েছে তা যেন সঠিক সময়ে সঠিকভাবে ব্যবহার করা হয় তা নিশ্চিত করতে হবে। যাতে জনগণ তার সুফল ভোগ করতে পারেন। দপ্তরের আধিকারিকদের তিনি বেশি করে ফিল্ড ভিজিট করার পরামর্শ দেন। পাশাপাশি বিভিন্ন স্তরের জনপ্রতিনিধিদেরও দপ্তরের কাজকর্ম তদারকি করতে আহ্বান জানান। রাজনগরের বাতিসাতে ২৪ কোটি ২১ লক্ষ টাকা ব্যয়ে ৯৬ কানি জায়গায় একটি জলাশয় এবং চিলড্রেন পার্ক, জলাশয়ে বোট চালানোর ব্যবস্থা, লগহাট ইত্যাদি করা হবে বলে মৎস্যমন্ত্রী জানান। দক্ষিণ ত্রিপুরা জেলায় এই তিন দপ্তরের কাজকর্মে তিনি সন্তোষ প্রকাশ করেন এবং আধিকারিকদের ধন্যবাদ জানান। পাশাপাশি আগামীদিনে দপ্তরগুলির কাজকে আরও ত্বরান্বিত করতে সকলের সহযোগিতা কামনা করেন।

বৈঠকে উপস্থিত ছিলেন দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত, বিধায়ক মাইলাফ্রু মগ, বিধায়ক স্বপ্না মজুমদার, তিন দপ্তরের বিশেষ সচিব এস. প্রভু, অধিকর্তাগণ, জেলাশাসক ও সমাহর্তা মহম্মদ সাজাদ পি, মহকুমা শাসকগণ, বিডিওগণ, পঞ্চায়েত সমিতি ও বিএসির চেয়ারম্যানগণ, পুরপরিষদ ও নগর পঞ্চায়েতের চেয়ারপার্সনগণ এবং বিভিন্ন দপ্তরের জেলা পর্যায়ের পদস্থ আধিকারিকগণ।

*****